# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**BANGLADESH WATER DEVELOPMENT BOARD**


পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
রহমান চেম্বার (১০ম তলা)
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)।
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

Office of the Director
Directorate of Staff Development.
Rahman Chamber (9th Floor),
12-13 Motijheel C/A, Dhaka -1000.
Phone : 9588458, 9550937 (Fax).
E-mail : dir.staff.bwdb@gmail.com


স্মারক নং-১৪৬-পাউবো(কউ)/ভি-১০/২০১৫

তারিখঃ ২৫ মাঘ ১৪২৪ বঃ
০৭-০২-২০১৮ খ্রীঃ

## "সার্কুলার"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে বিভিন্ন পদে সরাসরি জনবল নিয়োগের ক্ষেত্রে সরকারী বিদ্যমান বিধি মোতাবেক শারীরিক প্রতিবন্ধী/এতিমখানা নিবাসী, মুক্তিযোদ্ধা, আনসার-ভিডিপি ও উপজাতীয়সহ অন্যান্য কোটা অনুসরন করা হয়। বিভিন্ন কোটায় নিয়োগপ্রাপ্তদের কোটা সংক্রান্ত সনদের সঠিকতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রনালয়/বিভাগ/দপ্তরে প্রেরণ করা হয়। নিয়োগপত্রের শর্তানুযায়ী কোটা সংক্রান্ত সনদ সঠিক বিবেচিত না হলে তার/তাদের নিয়োগপত্র বাতিল বলে গন্য হবে। সুতরাং, ভবিষ্যৎ জটিলতা পরিহারের স্বার্থে বিভিন্ন কোটায় সরাসরি নিয়োগপ্রাপ্তদের দাখিলকৃত কোটা সংক্রান্ত সনদপত্রের সত্যতা নিশ্চিত হওয়ার পর তাদের চাকুরী স্থায়ীকরণ করার জন্য অত্র দপ্তর হতে ২৮-০৫-২০১৫ তারিখের স্মারক নং-৬৫৫ মোতাবেক একটি দপ্তরাদেশ জারী করা হয়। লক্ষ্য করা যাচ্ছে যে, উক্ত সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও কোটা সংক্রান্ত সনদ যাচাই হওয়ার আগেই বা সঠিকতার বিষয়ে নিশ্চিত না হয়েই কোটায় নিয়োগপ্রাপ্ত শিক্ষানবীশ কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ীকরন করা হচ্ছে। পরবর্তীতে কোটা সংক্রান্ত উক্ত সনদ যাচাইয়ের পর সঠিক বিবেচিত না হলে, তাদের চাকুরীর ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হবে যা মোটেও কাম্য নয়।

০২। এমতাবস্থায়, বিভিন্ন কোটায় (শারীরিক প্রতিবন্ধী/এতিমখানা নিবাসী, মুক্তিযোদ্ধা, আনসার-ভিডিপি ও উপজাতীয় ইত্যাদি) সরাসরি নিয়োগপ্রাপ্তদের কোটা সংক্রান্ত সনদ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাইয়ান্তে সঠিক বিবেচিত হওয়ার পর অর্থাৎ সঠিকতার প্রত্যয়ন প্রাপ্তির পর চাকুরীবিধি মোতাবেক অন্যান্য সকল শর্ত প্রতিপালন পূর্বক শিক্ষানবীশ কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ সার্কুলার জারী করা হলো।

(মোঃ ওয়াহিদ হোসেন)
পরিচালক (অঃদাঃ)

স্মারক নং-১৪৬/১(১০০)-পাউবো(কউ)/ভি-১০/২০১৫

তারিখঃ ২৫ মাঘ ১৪২৪ বঃ
০৭-০২-২০১৮ খ্রীঃ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী,.......................................বাপাউবো,.......................................।
২। সচিব, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ.....................................বাপাউবো.........................।
৪। নির্বাহী প্রকৌশলী/উপ-পরিচালক.............................................বাপাউবো...............................................।
৫। মহাপরিচালক মহোদয়ের চীফ ষ্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা **(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করনের জন্য অনুরোধ করা হলো)**।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
৮। নথির কপি।

০৭/০২/২০১৮

(মোঃ মতিউর রহমান)
নির্বাহী প্রকৌশলী (নিঃ ও পঃ) (অঃদাঃ)
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬০৯০৬, ৯৫৫০৯৩৭।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR).
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937, 9560906.
e-mail: dir.staff.bwdb@ gmail.com

স্মারক নং-৬৫৫-পাউবো(কউ)/এফ-৫(২০১৪) তারিখঃ ২৮/০৫/২০১৫ খ্রিঃ

## "দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে বিভিন্ন শ্রেণীতে সরাসরি জনবল নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধিবিধান মোতাবেক মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি এবং উপজাতী কোটাসহ অন্যান্য কোটা অনুসরণ করা হয়। বোর্ডে ২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরে বিভিন্ন পদে নিয়োগপ্রাপ্তদের মধ্যে যারা মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি এবং উপজাতী কোটায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাদের কোটা সংক্রান্ত সনদপত্রের সত্যতা যাচাই এর লক্ষ্যে ইতোমধ্যে সংশ্লিষ্ট মন্ত্রনালয়ে/দপ্তরে প্রেরণ করা হয়েছে। নিয়োগপত্রের শর্তানুযায়ী, যাচাইয়ান্তে কোটা সংক্রান্ত সনদপত্র সঠিক বিবেচিত না হলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। সুতরাং, চাকুরী স্থায়ীকরণের পূর্বে কোটায় নিয়োগপ্রাপ্তদের কোটা সংক্রান্ত তথ্যাদির সত্যতা নিশ্চিত হওয়া বিশেষভাবে প্রয়োজন।

২। অতএব, ভবিষ্যৎ জটিলতা এড়ানোর লক্ষ্যে মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি এবং উপজাতী কোটায় নিয়োগপ্রাপ্ত শিক্ষানবীশ কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণের পূর্বে দাখিলকৃত সনদপত্রের সত্যতা নিশ্চিত করার পর তাদের চাকুরী স্থায়ীকরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। এই আদেশ মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

২৮/৫/১৫
(মোঃ আব্দুল হাই)
পরিচালক

স্মারক নং-৬৫৫/১(৫০)-পাউবো(কউ)/এফ-৫(২০১৪) তারিখঃ ২৮/০৫/২০১৫ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .বাপাউবো, .. .. .. .. .. ।
২। প্রধান/নিয়ন্ত্রক .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. .. .. .. .. ।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. .. ।
৫। নির্বাহী প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. .. .. .. .. ।
৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৮। মাস্টার কপি/নথির কপি।

(মোঃ আসাদুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা)